গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীপুর, মাগুরা
www.sreepur.magura.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫৫৯৫.০০০.০৬.০১৭.২১- ২৭২ তারিখ : ০৩.০৩.২০২১ খ্রিঃ।

বিষয় : **১৪২৮ বঙ্গাব্দের জন্য আমতৈল হাট-বাজার ইজারার পুন:বিজ্ঞপ্তি।**

এতদ্বারা জানানো যাচ্ছে যে, শ্রীপুর উপজেলার আমতৈল হাট-বাজার বাংলা ১৪২৮ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী বন্দোবস্ত গ্রহীতাদের নিকট হতে সীলমোহর যুক্ত খামে নিম্নলিখিত তারিখ ও সময়ে এবং নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ ও সময়ে অফিস চলাকালে নির্ধারিত মূল্যের (অফেরৎযোগ্য) বিনিময়ে জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) শ্রীপুর, মাগুরা এর কার্যালয়, সোনালী ব্যাংক লি:, শ্রীপুর শাখা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, শ্রীপুর থানা এর কার্যালয় হতে দরপত্র সংগ্রহ করা যাবে। নির্ধারিত তারিখ বেলা ০১:০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা, পুলিশ সুপারের কার্যালয়, মাগুরা, সহকারী কমিশনার (ভূমি), শ্রীপুর, মাগুরা এর কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, মাগুরা- এ রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র গ্রহণ করা হবে। দাখিলকৃত দরপত্র ঐ দিনই বেলা ৩:০০ টায় খোলা হবে এবং দরপত্র মূল্যায়ন কমিটির সভায় পেশ করা হবে;

| ক্রঃ নং | দরপত্র ক্রঃনং | দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ৩ | ৩য় দরপত্র | ০৮.০৩.২০২১ বিকাল-৫:০০ টা | ০৯.০৩.২০২১ সকাল ৯.০০ টা হতে ০১:০০ টা | ০৯.০৩.২০২১ বেলা ০৩:০০ টা |
| ৪ | ৪র্থ দরপত্র | ১৫.০৩.২০২১ বিকাল-৫:০০ টা | ১৬.০৩.২০২১ সকাল ৯.০০ টা হতে ০১:০০ টা | ১৬.০৩.২০২১ বেলা ০৩:০০ টা |
| ৫ | ৫ম দরপত্র | ২১.০৩.২০২১ বিকাল-৫:০০ টা | ২২.০৩.২০২১ সকাল ৯.০০ টা হতে ০১:০০ টা | ২২.০৩.২০২১ বেলা ০৩:০০ টা |

উল্লেখ্য যে, উপরোক্ত দরপত্রসমূহের প্রথম থেকে কাংক্ষিত মূল্য পাওয়া না গেলে সিডিউল মতে পর্যায়ক্রমে কার্যক্রম চলমান থাকবে।

| ক্রঃ নং | হাট/বাজারের নাম | সরকারী মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | আমতৈল | ১৩,২৫০/- | ৫০০/- | |

১। দরপত্রদাতাকে দরপত্রে উল্লেখিত মূল্যের ৩০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরার অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে (যে কোন তফসিল ব্যাংক হতে) দরপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। দরপত্র দাখিলকারীর দর অনুমোদিত হলে উক্ত অর্থের ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত নিজ খরচে হাটের পরিষ্কার পরিচ্ছন্নতা না করলে বা হাটের কোন ক্ষতি করলে জামানত হতে উহা মেটানো হবে। বছর শেষে অব্যবহৃত অর্থ জমাকারী বরাবর ফেরৎ প্রদান করা হবে। ইজারায় অংশগ্রহণের পূর্বে দরদাতা হাট-বাজারটি পরিদর্শন করতে পারবেন।

২। দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে দরপত্রদাতাকে অবশিষ্ট ৭৫% অর্থ এককালীন পরিশোধ করতে হবে। দাখিলকৃত দরের উপর ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সাথে জমা দিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করে পূনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৩। দরপত্র দাতাগণ সীলমোহরকৃত খামে স্পষ্ট অক্ষরে নাম ও পূর্ণ ঠিকানা ও হাটের নাম লিখতে হবে। কাটা-ছেড়া, ঘষামাজা (ওভার রাইটিং) অস্পষ্ট ও দ্বৈত অর্থবোধক যে কোন দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। ইজারা গ্রহীতাকে হাট-বাজার বুঝে নেয়ার পূর্বে সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) দিনের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লিখিতভাবে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় ইজারা বাতিল করা হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। উক্ত দর যদি সরকারি দরের কম হয় তবে পুনরায় দরপত্র আহবান করা হবে। পুনরায় কাঙ্খিত দর না পাওয়া গেলে ইজারা প্রদান কার্যক্রম অব্যাহত রাখা হবে।

৬। ইজারা গ্রহিতাকে হাটের সীমানা ঠিক রাখতে হবে। কোন ক্রমেই অন্যের নিকট সাবলীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় বা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত ও অনুমোদিত টোল আদায় ব্যতীত অন্য কোন অর্থ আদায় করা যাবে না।

৭। ইজারা গ্রহীতা প্রতিদিন হাট/বাজার নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন এবং প্রয়োজনীয় নিরাপত্তা ও আলোর ব্যবস্থা রাখবেন।

৮। ইজারা গ্রহীতাকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে টোল আদায় করতে হবে এবং উক্ত টোলের অনুমোদিত তালিকা হাটের প্রকাশ্য স্থানে ঝুলিয়ে রাখতে হবে। বিনা রশিদে কোন টোল আদায় করা যাবে না।

৯। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আর এক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্যদফায় অর্ন্তভূক্ত বাজারের জন্য ব্যবহার করলে উহা বাতিল বলে গণ্য হবে। দুই বা ততোধিক দরপত্র দাতার প্রদত্ত দর সর্বোচ্চ হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১০। প্রত্যেক হাটে ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১১। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইনানুযায়ী আদায় করা যাবে।

১২। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। কোন কারণে ইজারাদারকে হাটের দখল হস্তান্তর করা না হলে বা আইনগত কারণে ইজারাদার টোল আদায়ে বিরত থাকলে বিরত থাকা কালীন সময়ের জন্য মোট ইজারামূল্যের আনুপাতিক হারে ইজারাদারকে ফেরৎ দেয়া হবে।

১৪। উপরের শর্তাবলী কোন একটি ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ ইয়াছিন কবীর)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা।

স্মারক নং-০৫.৪৪.৫৫৯৫.০০০.০৬.০১৭.২১- ১৭২(৫০) তারিখ : ০৬.০৮.২০২১ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :**

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, মাগুরা।
৩) পুলিশ সুপার, মাগুরা।
৪) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাগুরা।
৫) মেয়র, মাগুরা পৌরসভা, মাগুরা।
৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।
৭) উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/ মহম্মদপুর/ শালিখা, মাগুরা।
৮) ভাইস চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . . . . . . উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।

**অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :**

৯) সহকারী কমিশনার (ভূমি), শ্রীপুর, মাগুরা।
১০) উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . (সকল) কর্মকর্তা, শ্রীপুর।
১১) অফিসার-ইন- চার্জ শ্রীপুর থানা, শ্রীপুর, মাগুরা।
১২) চেয়ারম্যান . . . . . . . . . . . . . . . . . (সকল) ইউ.পি, শ্রীপুর, মাগুরা।
১৩) সম্পাদক, দৈনিক.. .. . . . . . . . . . . . . . . . পত্রিকা, মাগুরা/ঢাকা।
১৪) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,......................... ইউনিয়ন ভূমি অফিস, শ্রীপুর, মাগুরা। তাঁকে প্রত্যেক হাটে এবং জনবহুল এলাকায় মাইক, ঢোল শহরতের মাধ্যমে হাট-বাজার ইজারার বিষয়টি ব্যাপক প্রচারের জন্য (কমপক্ষে ০৩ দিন) অনুরোধ করা হলো এবং প্রচারের স্বপক্ষে প্রমান পত্র অত্র কার্যালয়ে দাখিল করার জন্য বলা হলো।
১৫) জনাব . . . . . . . . . . . . . . .হাট-বাজার ইজারাদার. . . . . . . .. ... ... .. .. .. হাট-বাজার, শ্রীপুর, মাগুরা।

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা।